উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# জেলা পরিষদ কার্যালয়
## পাবনা

www.zppabna.gov.bd

**০৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা পরিষদ ২৫তম সভার কার্যবিবরণীঃ-**

সভাপতি ঃ জনাব মোহাম্মদ রেজাউল রহিম লাল
চেয়ারম্যান
জেলা পরিষদ, পাবনা।

স্থানঃ ঃ রশিদ হল , জেলা পরিষদ,পাবনা।
তারিখ ঃ ০৭/০৩/২০১৯ খ্রিঃ।
সময় ঃ বেলা ১১.০০ টা।

উপস্থিত সদস্যগণের নাম , ঠিকানা ও পদবী ঃ (স্বাক্ষরের ক্রমানুসারে )

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষরিত |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | মোহাম্মদ রেজাউল রহিম লাল, পিতা মৃতঃ আবুল মকছুদ মিয়া, ১১৫৪, বাজিতপুর রোড বাইলেন, রামচন্দ্রপুর, ডাকঘরঃ- পাবনা সদর-৬৬০০, উপজেলা ও জেলাঃ পাবনা। | চেয়ারম্যান | ০১৭৯২-৩৫৪২২৪ | স্বাক্ষরিত |
| ২ | বিজয় ভূষন রায় পিতা মৃত : বিভূতী ভূষন রায়, গ্রাম- দিলালপুর, ডাকঘর ঃ পাবনা-৬৬০০, উপজেলা ঃ পাবনা সদর, জেলা ঃ পাবনা। | ১৪ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭২৬-২০৭৮৮৮ | স্বাক্ষরিত |
| ৩ | মোঃ আব্দুল্লাহ আল-মাহমুদ, পিতা- মৃতঃ আফাজ উদ্দিন, গ্রামঃ আলোকদিয়ার, ডাকঘরঃ বিল সলঙ্গী, উপজেলা/ থানাঃ সাঁথিয়া, জেলাঃ পাবনা। | ০৩ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭১৫-৬৫২৪২৬ | স্বাক্ষরিত |
| ৪ | মোঃ সহিদুর রহমান , পিতা ঃ মৃত- আলহাজ্ব কোমল উদ্দিন শেখ, গ্রাম- শালাইপুর, ডাকঘর- গয়েশপুর-৬৬০০, পাবনা সদর, পাবনা। | ১৫ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭৩৪-৭০৭৩৪৭ | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ শামছুর রহমান পিতাঃ মৃত- হাছেন আলী প্রামানিক, গ্রামঃ আলাদীপুর, ডাকঘরঃ গোবিন্দপুর, ইউনিয়ন- আহম্মদপুর, থানা- আমিনপুর, উপজেলাঃ সুজানগর, জেলা- পাবনা। | ০৫ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭১৭-১৫৩৫৮০ | স্বাক্ষরিত |
| ৬ | মোছাঃ রাশিদা পারভীন, স্বামী- মোঃ আনোয়ার হোসেন (পান্না) গ্রাম- কুষ্টিয়াপাড়া, ডাকঘর- চাঁদভা-৬৬১০, আটঘরিয়া পৌরসভা, আটঘরিয়া, পাবনা। | ০৪ নং সংরক্ষিত আসনের মহিলা সদস্য | ০১৭২৫-৩৯৮৬৮৪ | স্বাক্ষরিত |
| ৭ | কানিজ ফাতেমা স্বামী- এ্যাডঃ কাজী সাজ্জাদ ইকবাল, টি পি রোড, শালগাড়ীয়া, ডাকঘরঃ পাবনা-৬৬০০, পাবনা পৌরসভা, পাবনা সদর, পাবনা। | ০৫ নং সংরক্ষিত আসনের মহিলা সদস্য | ০১৭১১-৮৮৪১৯৮<br>০১৭০৯-০১২৩১৯ | স্বাক্ষরিত |
| ৮ | মোঃ আমজাদ হোসেন পিতা- মোঃ শাহাদৎ হোসেন, গ্রাম- চরকান্দি, ডাকঘরঃ রাজনারায়নপুর, ইউনিয়নঃ জাতসাখিনী, থানা- আমিনপুর, উপজেলা-বেড়া, জেলাঃ পাবনা। | ০৪ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭২১-৮৫০৮৫৩ | স্বাক্ষরিত |
| ৯ | মোঃ আব্দুল হাকিম বস পিতা- মোঃ আমির প্রামানিক, গ্রাম সানিলা, পোষ্টঃ বেড়া, উপজেলাঃ বেড়া, জেলা- পাবনা। | ০১ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭১২-৭৩৫৬৪৮ | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ শফিউল আলম বিশ্বাস পিতা- মোঃ আব্দুল জব্বার বিশ্বাস, গ্রাম- অরণকোলা, পোষ্ট ও থানা-ঈশ্বরদী, উপজেলা- ঈশ্বরদী, জেলা: পাবনা। | ১২ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭১৮-৬২৯৬৬৪ | স্বাক্ষরিত |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | মোঃ রেজাউল করিম পিতাঃ মোঃ ইয়াকুব আলী সরদার, গ্রামঃ চরভবানীপুর, ডাকঘর ঃ সুজানগর (৬৬০০), পৌরসভা- সুজানগর, থানা ও উপজেলা ঃ সুজানগর, জেলা ঃ পাবনা। | ০৬ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭১৬-৯৮১০৯৫ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ খোরশেদ আলম পিতাঃ মৃত- রহিম উদ্দিন, গ্রামঃ কাশিনাথপুর, ডাকঘরঃ কাশিনাথপুর, উপজেলা- সাঁথিয়া, জেলাঃ পাবনা। | ০২ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭১১-২৩৬১৮১ | স্বাক্ষরিত |
| ১৩ | মোঃ আসলাম আলী , পিতা- বাহের উদ্দিন মোল্লা, মহল্লা- হাসপাতালপাড়া, ডাকঘর ঃ ভাঙ্গুড়া, উপজেলা ঃ ভাঙ্গুড়া, জেলা- পাবনা। | ০৮ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭১৩-৬০৩০১৩ | স্বাক্ষরিত |
| ১৪ | মোঃঃ আব্দুল মান্নান, পিতা-হাজী মোঃ মাজেদ আলী, গ্রাম-বায়রাপাড়া, ডাকঘর-পাছ পুংগলী, উপজেলা-ফরিদপুর, জেলা-পাবনা। | ০৭ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭১২-৬৫১৪৯৫ | স্বাক্ষরিত |
| ১৫ | শামছুন নাহার মুক্তা, স্বামী মোঃ মকবুল হোসেন মুকুল, গ্রামঃ- সাঁথিয়া বাজার, ডাকঘর- সাঁথিয়া, সাঁথিয়া পৌরসভা, পাবনা। | ০১ নং সংরক্ষিত আসনের মহিলা সদস্য | ০১৭১১-১৩৪২৫৮ | স্বাক্ষরিত |
| ১৬ | মোছাঃ লিপি ইয়াসমিন স্বামী- মোঃ আব্দুল হাই হাজারী, গ্রাম- নওয়াগ্রাম, ডাকঘর-উদয়পুর হাই স্কুল, উপজেলা- সুজানগর, জেলা- পাবনা। | ০২ নং সংরক্ষিত আসনের মহিলা সদস্য | ০১৭৫৭-১৩০০৭৭ | স্বাক্ষরিত |
| ১৭ | মোঃ মনিরুল ইসলাম পিতা- মোঃ মোজাহার মল্লিক, গ্রাম- আটঘরিয়া মল্লিকপাড়া, ডাকঘর- চাঁদভা-৬৬১০, আটঘরিয়া পৌরসভা, আটঘরিয়া পাবনা। | ১১ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭২১-৮০০৫৫০ | স্বাক্ষরিত |
| ১৮ | মোঃ ছাইফুল আলম পিতা- মোঃ আতিয়ার রহমান, সাং- দিয়ার বাঘইল মন্ডল পাড়া, ডাকঘর- দিয়াড় সাহাপুর, থানা- ঈশ্বরদী, জেলা- পাবনা। | ১৩ নম্বর ওয়ার্ডের সদস্য | ০১৭১২-৮৮৫০৭৯ | স্বাক্ষরিত |

সভাপতি বক্তব্যের শুরুতে ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে জাতির পিতার স্মরণে এক মিনিট নীরবতা পালন করেন। তিনি বলেন জাতির পিতার এই ঐতিহাসিক ভাষণ এখন আন্তজার্তিক সম্পদ। জাতির পিতার ভাষণ ও দিক নির্দেশনা অনুসরণের জন্য সবাইকে পরামর্শ দেন। এছাড়া আওয়ামীলীগের সাধারণ সম্পাদক, মাননীয় সেতু ও যোগাযোগ মন্ত্রী ওবায়দুল কাদের গুরুতর অসুস্থ হযায় তাঁর সুস্থতা কামনা করা হয়। অত:পর তিনি এজেন্ডাওয়ারী সভা পরিচালনার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানান।

আলোচ্য সূচী ঃ ১। বিগত ২৪/০১/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ।

সভায় বিগত ২৪/০১/১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জেলা পরিষদের ওয়েব সাইটে দেয়া আছে এবং তা সদস্যগণ দেখেছেন বলে জানান। কোনও প্রকার আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য সূচী ঃ ২। ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী উদযাপন ও ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন সংক্রান্ত ।**

আলোচনা ঃ আসন্ন মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ এবং জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে পাবনা জেলা পরিষদের পক্ষ হতে কি কি কর্মসূচী গ্রহণ করা যায় সে বিষয়ে উপস্থিত সকল সদস্যগণের মতামত আহবান করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় ঃ

১। ১৭ মার্চ জাতীয় শিশু দিবস এবং বঙ্গবন্ধুর ৯৯ তম জন্ম বার্ষিকী উদযাপন।
২। ২৫ মার্চ ব্লাক আউট, ২৬ মার্চ দূর্জয় পাবনা এবং জেলা পরিষদ ভবন আলোকসজ্জিতকরণ।
৩। ২৫ ও ২৬ মার্চ শহরের গুরুত্বপূর্ণ স্থানে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বিল বোর্ড স্থাপন।
৪। ২৬ মার্চ সুর্যোদয়ের সাথে সাথে দূর্জয় পাবনাতে পুষ্পস্তবক অর্পন।

উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধা পরিবার এর সংবর্ধনা অনুষ্ঠানটি রাষ্ট্রীয়ভাবে জেলা প্রশাসন থেকে করা হয়। বিজয় দিবসের ন্যায় এবারও সরকারিভাবে জেলা প্রশাসন যাতে যথাযথভাবে এই কাজটি করতে পারে এ ব্যাপারে সার্বিক সহযোগিতা করা যেতে পারে বলে প্যানেল চেয়ারম্যান বিজয় ভূষণ রায় মত ব্যক্ত করেন। শহীদ মুক্তিযোদ্ধা পরিবারকে সম্মাননা বাবদ গতবারের মত এবারও ৩.০০ লক্ষ(তিন লক্ষ) টাকা এবং আপ্যায়ন বাবদ ১.০০ লক্ষ(এক লক্ষ) টাকা জেলা প্রশাসনকে দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ মুক্তিযোদ্ধা সংবর্ধনা বিষয়টি সরকারি উদ্যোগে জেলা প্রশাসন থেকে যাতে বাস্তবায়ন করা হয় এ ব্যাপারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,পাবনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**আলোচ্য সূচী ঃ ৩। ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপি / রাজস্ব তহবিলের প্রকল্পের টেন্ডার সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।**

আলোচনা ঃ উপসহকারী প্রকৌশলী জানান যে ২০১৮-২০১৯ অর্থ বছরে এডিপি /রাজস্ব তহবিলের আওতায় প্রস্তাবিত প্রকল্প মন্ত্রণালয় হতে অনুমোদন পাওয়া যায়। তিনি ই-টেন্ডারিং সংক্রান্ত কার্যক্রমে অভিজ্ঞতা না থাকায় টেন্ডার কার্যক্রম করতে পারেননি। নবযোগদানকৃত সহকারী প্রকৌশলী জানান ইতোমধ্যে ই-টেন্ডার কার্যক্রমের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে অতি দ্রুত ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়নের জন্য সহকারী প্রকৌশলী পদক্ষেপ গ্রহণ করবেন।

**আলোচ্য সূচী ঃ ৪। জমি ইজারা সংক্রান্ত আলোচনা।**

আলোচনা ঃ সভাপতি জানান জেলা পরিষদের অব্যবহৃত জায়গা ফেলে না রেখে পর্যায়ক্রমে মার্কেট/ সুপার মার্কেট নির্মাণ করলে দখল বজায় থাকবে। দখল বজায় রাখা এবং জেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে চাহিদা মাফিক মার্কেট তৈরী করার জন্য সদস্যগণ প্রস্তাব রাখেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দখল বজায় রাখা ও রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে বিধি মোতাবেক অব্যবহৃত জায়গায় মার্কেট তৈরীর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচী ঃ ৫। পাবনা জেলা পরিষদের মালিকানাধীন বাজিতপুর সংলগ্ন জেলা পরিষদের মালিকানাধীন জায়গায় বেকার যুব/যুবক মহিলাদের সৃজনশীল কর্মের প্রদর্শন ও বিক্রয় কেন্দ্র ও সংলগ্ন দোকান ভাড়া সংক্রান্ত।**

আলোচনা ঃ সভাপতি জানান পাবনা জেলা পরিষদের মালিকানাধীন বাজিতপুর সংলগ্ন জেলা পরিষদের মালিকানাধীন জায়গায় বেকার যুব/যুবক মহিলাদের সৃজনশীল কর্মের প্রদর্শন ও বিক্রয় কেন্দ্রটি ইতোমধ্যে নির্মাণ করা হয়েছে। নির্ধারিত বাজেটে দুটি ডিসপ্লে সেন্টারের সাথে আরও ৩টি দোকানও নির্মিত হয়েছে। বিধি মোতাবেক তা ভাড়া দেয়া প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ বিধি মোবেক ভাড়া দেয়াসহ প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সহকারী প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো।

আলোচ্য সূচী ঃ বিবিধ-৬(১) ২(দুই) কোটির টাকার এফডিআর ক্রয় সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা জানান যে,জেলা পরিষদের প্রশাসনিক ব্যয় অনেক বেড়েছে। স্থায়ী আমানতের পরিমান না বাড়ালে এই ব্যয় সংকুলান করা দূরাহ হবে। অতিসত্বর স্থায়ী আমানত এর পরিমাণ বাড়াতে হবে।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে জেলা পরিষদের নিজস্ব তহবিলে অলস অবস্থায় গচ্ছিত টাকার মধ্য হতে ২.০০ কোটি টাকা এক বছর মেয়াদী এফ ডি আর করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচী ঃ বিবিধ-৬ (২) অনুদান (চিকিৎসা,ধর্মীয় ও অন্যান্য সামাজিক কল্যাণমূলক) খাতে অনুদান অনুমোদন প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ সভাপতি জানান যে ২০১৮-২০১৯ অর্থ বছরে বাজেটের ঐচ্ছিক কার্যাবলীর সমাজকল্যাণ খাতে ক্রমিক নং ঙ) অনুদান (চিকিৎসা,ধর্মীয় ও অন্যান্য সামাজিক কল্যাণমূলক) খাতে ৩০.০০ লক্ষ (ত্রিশ লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থের মধ্যে ১২,৬১,৫০০/- টাকা অবশিষ্ট রয়েছে। ইতোমধ্যে উক্ত খাতে নিম্নে বর্ণিত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে অনুদান প্রদান করা হয়েছে । যাহা ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

| ক্রমিক নং | ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | অনুদানের পরিমান | সুপারিশকারী |
|---|---|---|---|
| ০১। | মোঃ মনির হোসেন, পরিচিতি নং-৪৮৯৯ বিশেষ (ভাঃপ্রাপ্ত) কর্মকর্তা (যুগ্ম সচিব) জনপ্রশাসন মন্ত্রনালয় বাংলাদেশ সচিবালয় ঢাকা। | =১৫,০০০/- | প্রধান নির্বাহি কর্মকর্তা জেলা পরিষদ পাবনা। |
| ০২। | মোঃ শিবলু, পিতা- মোঃ মৃত নুরউদ্দিন সাং-গোবিন্দা, জেলাপাড়া,পাবনা। | =১৫,০০০/- | চেয়ারম্যান, জেলা পরিষদ পাবনা। |
| ০৩। | মোছাঃ মিতা বেগম, স্বামীঃ মোঃ আকরাম প্রামাণিক, সাং-ইসলামপুর,পাবনা। | =৫,০০০/- | প্রধান নির্বাহি কর্মকর্তা জেলা পরিষদ পাবনা। |
| ০৪। | মোঃ আবুল কালাম, পিতা- মোঃ আব্দুর রাজ্জাক শেখ, সাং-গোবিন্দা, পাবনা। | =৪,০০০/- | চেয়ারম্যান, জেলা পরিষদ পাবনা। |
| ০৫। | মোঃ ইমাম হাসান, অফিস সহায়ক, কৃষি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয় ঢাকা। | =২০,০০০/- | ড. আব্দুর রাজ্জাক প্রেসিডিয়াম সদস্য বাংলাদেশ আওয়ামীলীগ |
| ০৬। | সভাপতি জোড়পুকুরিয়া বারোয়ারী হরিবাসর,পরিচালনা কমিটি, সুজানগর,পাবনা। | =১০,০০০/- | বিজয় ভূষন রায় ১৪ নং সদস্য জেলা পরিষদ, পাবনা। |
| ০৭। | ইমা আক্তার, স্বামী সোহেল আহম্মেদ, সাং-শালগাড়ীয়া, পাবনা। | =১০,০০০/- | চেয়ারম্যান, জেলা পরিষদ পাবনা। |
| ০৮। | শ্রী অতুল কর্মকার,পিতা-নীপেন্দ্র নাথ কর্মকার, সাং-নারায়নপুর, পাবনা সদর, পাবনা | =৪,০০০/- | চেয়ারম্যান, জেলা পরিষদ পাবনা। |
| ০৯। | মোঃ আক্তার হোসেন (ভোল), পিতা- মোঃ মন্টু হোসেন, সাং-রামচন্দ্রপুর,পাবনা। | =৪,০০০/- | চেয়ারম্যান, জেলা পরিষদ পাবনা। |
| ১০। | ছন্দা দাস পিতা- সুশীল চন্দ্র সরকার, সাং- পাবনা পৌরসভা, পাবনা সদর,পাবনা। | =৫,০০০/- | চেয়ারম্যান, জেলা পরিষদ পাবনা। |

| | | | |
|---|---|---|---|
| ১১। | মোঃ আনিছুর রহমান, পিতা-রফাজ্জল হোসেন, সাং-রামচন্দ্র,পাবনা সদর,পাবনা। | =৫,০০০/- | চেয়ারম্যান, জেলা পরিষদ পাবনা। |
| ১২। | মোছাঃ সারমিন আক্তার, পিতাঃ মোঃ আবুল হোসেন সাং-জালালপুর, পাবনা। | =৮,০০০/- | চেয়ারম্যান, জেলা পরিষদ পাবনা। |
| ১৩। | কাজী মারুফা সভাপতি বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠী পাবনা জেলা সংসদ পাবনা। | =১০,০০০/- | চেয়ারম্যান, জেলা পরিষদ পাবনা। |
| ১৪। | মোঃ ইকরাম হোসেন, পিতা মোঃ রোস্তম আলী খান, দুবলিয়া পাবনা সদর পাবনা। | =৭,০০০/- | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ পাবনা। |
| ১৫। | বিকাশ রঞ্জন কর, সভাপতি শ্রী শ্রী সনাতন মন্দির গয়েশপুর, পাবনা। | =৫,০০০/- | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ পাবনা। |
| | | =১,২৭,০০০/- | |

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইপূর্বক যথাযথ বিবেচিত হওয়ায় উপরোক্ত ব্যক্তিগণকে সমাজকল্যাণ খাতে ক্রমিক নং ঙ) অনুদান খাত (চিকিৎসা,ধর্মীয় ও অন্যান্য সামাজিক কল্যাণমূলক) হতে ১,২৭,০০০/- (এক লক্ষ সাতাশ হাজার)টাকা প্রদানের ভূতাপেক্ষ অনুমোদন সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচী ঃ বিবিধ-৬ (৩) পাবনা জেলা পরিষদ অফিস ও বিভিন্ন ডাকবাংলোতে ব্যবহারের জন্য মনোহারী/ ষ্টেশনারী মালামাল ক্রয় সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।**

আলোচনা ঃ হিসাব রক্ষক( ভারপ্রাপ্ত) জানান যে ২০১৮-২০১৯ অর্থ বছরে বাজেটের অন্যান্য সংস্থাপন ব্যয় খাতের খ (১২) খাতে (মনোহারী দ্রব্যাদি ক্রয়) এ খাতে ৭.০০ লক্ষ (সাত লক্ষ) টাকা অনুমোদিত বাজেটে ব্যয় করা যাবে মর্মে মন্ত্রণালয় এর নির্দেশনা রয়েছে। অফিসের জরুরি কাজে এবং বিভিন্ন ডাকবাংলোতে ব্যবহারের জন্য কাগজ ,কলম, হারপিক ইত্যাদি জরুরি ভিত্তিতে ২৩,৫০০/- টাকার মালামাল ক্রয় করা হয়েছে। এ বিষয়ে সভায় অনুমোদন কামনা করেন।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে অফিস ও বিভিন্ন ডাকবাংলোয় ব্যবহারের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয় করা যুক্তিযুক্ত বিবেচিত হওয়ায় ২৩,৫০০/-( তেইশ হাজার পাঁচ শত) টাকার বিল প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচি ঃ ৬ (৪) বিভিন্ন সভায় ও অফিস কক্ষে আপ্যায়নের বিল প্রদান বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

আলোচনা ঃ হিসাব রক্ষক (ভারপ্রাপ্ত) জানান যে ২০১৮-২০১৯ অর্থ বছরে বাজেটের সাধারণ সংস্থাপন ব্যয় খাতের খ (১৬) বিভিন্ন সভা/সমিতি/অনুষ্ঠানে আপ্যায়ন ব্যয় খাতে ১০.০০ ( দশ লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে বাজেট বরাদ্দ রয়েছে। নিম্নে বর্ণিত তারিখে আপ্যায়ন করা হয়েছে। যাহা বিল প্রদানের জন্য সভায় উপস্থাপন করা হয়।

| ক্রমিক নং | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১। | অত্র পরিষদে চেয়ারম্যান মহোদয়ে অফিস কক্ষে আপ্যায়ন ২৪/০১/২০১৯ হতে ০৬/০৩/২০১৯ পর্যন্ত | =২০,৮২৫/- |
| ০২। | অত্র পরিষদে বিভিন্ন সময়ে আপ্যায়ন (প্রধান নির্বাহী কর্মকর্তা ও সদস্যবৃন্দ) অফিস কক্ষে | ১৮,২৫০/- |
| ০৩। | ০৭/০৩/২০১৯খ্রিঃ তারিখে মাসিক সভার আপ্যায়ন | ২৩,৫০০/- |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে অত্র পরিষদে বিভিন্ন সময়ে আপ্যায়ন ও ০৭/০৩/২০১৯খ্রিঃ তারিখে সভার আপ্যায়নের বিল দাখিল করায় উহা সংশ্লিষ্ট খাত হতে উল্লিখিত বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচি ঃ ৬(৫) অত্র পরিষদের বিভিন্ন ডাকবাংলো ও অফিস কক্ষে ব্যবহৃত প্রয়োজনীয় মালামাল সরবরাহ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

আলোচনা ঃ সভায় হিসাব রক্ষক জানান যে ২০১৮-২০১৯ অর্থ বছরে বাজেটের সাধারণ সংস্থাপন ব্যয় খাতের খ (৩৮) তাৎক্ষণিক ব্যয় মিটানোর জন্য কন্টিজেন্সী খাতে ৮.০০ ( আট লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে বাজেট রয়েছে। ইতোমধ্যে উক্ত খাতে জরুরি ভিত্তিত্তে অত্র পরিষদ ও ডাকবাংলোতে ব্যবহারের জন্য বিভিন্ন সময়ে জরুরি ভিত্তিতে বিভিন্ন ধরণের মালামাল ক্রয় করা হয়েছে। যাহা বিল প্রদানের অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

| ক্রমিক নং | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১। | অত্র পরিষদ জরুরি প্রয়োজনে ব্যবহারের জন্য বিভিন্ন সময়ে জরুরি ভিত্তিতে মালামাল ক্রয় | ১৬,৭৫০/- |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে এ দপ্তর ও ডাকবাংলোতে ব্যবহারের জন্য বিভিন্ন সময়ে জরুরি ভিত্তিতে মালামাল ক্রয় করায় তাৎক্ষণিক ব্যয় মিটানোর জন্য কন্টিজেন্সী খাত হতে ১৬,৭৫০/- টাকা প্রদানের অনুমোদন সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচি ঃ বিবিধ ৬ (৬) ২০১৮-২০১৯ অর্থ বছরে পাবনা জেলা পরিষদের ডাকবাংলো সংস্কার/ নির্মাণ/রক্ষণাবেক্ষণ এর নিজস্ব তহবিলের অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।**

আলোচনা ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রকৌশলী ডাকবাংলোসমূহ সংস্কারের গুরুত্ব তুলে ধরেন। বিষয়টি ইতোপূর্বে আলোচিত হয়েছে। প্রধান নির্বাহী কর্মকর্তা জানান যে ঈশ্বরদী ডাকবাংলোটি প্রায় ১৯৩৫ সালে তৈরী। গত অর্থ বছরে ২৪.০০ লক্ষ টাকা ব্যয়ে ডাকবাংলোটি সংস্কার ও মেরামত করা হয়। কিন্তু মেরামতও সংস্কার কালে দেখা যায় যে উক্ত বরাদ্দকৃত টাকার চেয়ে ৪.৬০ লক্ষ টাকার অতিরিক্ত কাজ করা হয়েছে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হলে চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা মোতাবেক জরুরি ভাবে কোটেশনের মাধ্যমে মেরামত/সংস্কার কাজের বিল প্রদানের নির্দেশনা দেন। উপস্থিত সদস্যগণ বিষয়টিতে একমত পোষণ করেন এবং জরুরি ভিত্তিতে সংস্কার/মেরামত কাজ বাস্তবায়নের বিল প্রদানের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানান। উল্লেখ্য যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে পাবনা জেলা পরিষদের নিজস্ব তহবিলে অন্যান্য সংস্থাপন ব্যয় খাতের ক্রমিক নং (৪৪) জেলা পরিষদের ডাকবাংলো সংস্কার/ নির্মাণ/রক্ষণাবেক্ষণ এর জন্য ৪০.০০ লক্ষ (চল্লিশ লক্ষ) টাকা অনুমোদিত বাজেট বরাদ্দ রয়েছে।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | ঈশ্বরদী ডাকবাংলোর মেরামত/সংস্কার কাজ(অবশিষ্ট কাজ) | ৪,৬০,০০০/- | কোটেশনের মাধ্যমে |

সিদ্ধান্ত ঃ জেলা পরিষদের রাজস্ব খাতের (ডাকবাংলো সংস্কার/ নির্মাণ/রক্ষণাবেক্ষণ) হতে ব্যয় নির্বাহ এবং কোটেশনের মাধ্যমে সংস্কার কাজ বাস্তবায়নের বিল প্রদানের অনুমোদন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচী ঃ বিবিধ-৬(৭) ২০১৮-২০১৯ অর্থ বছরে ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তকরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ সহকারী প্রকৌশলী জানান যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে পাবনা জেলা পরিষদের উন্নয়নমূলক কাজে অংশগ্রহণের জন্য ঠিকাদারী লাইসেন্স তালিকাভূতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ইচ্ছুক ব্যক্তি বা প্রতিষ্ঠান আবেদন করেন। উক্ত আবেদনগুলি পর্যালোচনা করে নিম্নোক্ত আবেদনের জন্য শর্ত মাফিক পাওয়া যায় মর্মে কমিটি প্রতিবেদন দাখিল করেছে।

২০১৮-২০১৯ অর্থ বছরে নতুন ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তির জন্য সর্বমোট ১২ (বারো) টি আবেদন পাওয়া যায়। এর মধ্যে শর্তানুযায়ী আবেদন গুলো যাচাই-বাছাই করে মোট ১১ (এগারো) টি আবেদন সঠিক আছে বলে বিবেচিত হয় এবং ০১ (এক) টি আবেদন শর্ত পূরণ না করায় বাতিল হিসেবে বিবেচিত হয়।

| ক্রমিক নং | সঠিক আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ০১। | মেসার্স নাজমুল এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ নাজমুল কবীর সাং- কৃষ্ণপুর, পাবনা সদর, পাবনা। |
| ০২। | মেসার্স রাসেল এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ মোজাম্মেল হক,সাং- ভবানীপুর, সুজানগর, পাবনা। |
| ০৩। | মেসার্স এম. এস. আই কনষ্ট্রাকশন, প্রোঃ মার্শফিক মোজাম্মেল খান, সাং-দিলালপুর, পাবনা সদর, পাবনা। |
| ০৪। | মেসার্স ফয়সাল এন্টারপ্রাইজ, প্রোঃ ফয়সাল ইবনে আলীম, সাং-আটুয়া, পাবনা সদর, পাবনা। |
| ০৫। | মেসার্স সৈকত এন্টারপ্রাইজ, প্রোঃ বাবুল আলম বাচ্চু, সাং- গয়েশপুর, পাবনা সদর, পাবনা। |
| ০৬। | মেসার্স সুমি কনষ্ট্রাকশন, প্রোঃ রওশন আলম মাহমুদ (রাজু), সাং- রাধানগর, পাবনা সদর, পাবনা। |
| ০৭। | এ. এ. এন্টারপ্রাইজ, প্রোঃ ফারজানা আফরোজ, সাং- নারায়নপুর, পাবনা সদর, পাবনা। |
| ০৮। | বড় ভাই ট্রেডার্স, প্রোঃ মোঃ আমিরুল ইসলাম মজিবর, সাং- মনোহরপুর, টেবুনিয়া, পাবনা। |
| ০৯। | মেসার্স আরিফ এ্যাসোসিয়েট এন্ড ইঞ্জিনিয়ার্স, প্রোঃ মোঃ আরিফুল ইসলাম, সাং-মালঞ্চী, পাবনা। |
| ১০। | মোছাঃ মমতা পারভীন, প্রোঃ মোছাঃ মমতা পারভীন, সাং- গয়েশপুর, পাবনা সদর, পাবনা। |
| ১১। | মেসার্স সন্ধি ট্রডার্স, প্রোঃ মোঃ মাহমুদুল হাসান (হিরোক), সাং-হিমায়েতপুর, পাবনা সদর, পাবনা। |

| ক্রমিক নং | বাতিলকৃত আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ০১। | মেসার্স সোনার মদিনা এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ আব্দুল আওয়াল, সাং- সুজানগর বাজার, পাবনা। |

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে আবেদনকারীগণের আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র যাচাইবাছাইঅন্তে এবং জেলা পরিষদের আয়ের স্বার্থে ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সম্মানিত সকল সদস্যকে আবার ধন্যবাদ জ্ঞাপন করে তাদের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ রেজাউল রহিম লাল)
চেয়ারম্যান
জেলা পরিষদ, পাবনা
ফোন ঃ ০৭৩১- ৬৬০৫৭
e-mail: zppabna@gmail.com

স্মারক নং জেপ-পাব/কাঃ/২০১৮-২০১৯/৬৬(৩০)

তারিখ ঃ ০৭/০৩/২০১৯খ্রিঃ

অনুলিপি ( সদয় অবগতি / কার্যার্থে) ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। পরিচালক, স্থানীয় সরকার , রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। উপসচিব, জেলা পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা পরিষদ সভার সদস্যবৃন্দ (সকল)।
৬। জনাব................................................
................................................
৭। সি এ টু চেয়ারম্যান, জেলা পরিষদ, পাবনা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

( কাজী আতিয়ুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পাবনা।
মোবা ঃ ০১৭১৩-৮৫৬৫০২
ফোনঃ ৬২১৬৫ (অফিস)
e-mail: ceozppabna@gmail.com